গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 91809680, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- আইএমইডি/সিপিটিইউ/নীতি নির্ধারণ/২৬২/২০১১-৩৬ তারিখঃ ০৮/০১/২০১৫ খ্রি:

# পরিপত্র

**বিষয়ঃ মূল্যায়ন কমিটি কর্তৃক দাখিল-উত্তর যোগ্যতার নির্ণায়কসমূহ যাচাই (Post-qualification) প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৪৮ ধারার অধীন দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে ধারা ৫০ অনুযায়ী দরপত্র দলিলে উল্লিখিত দরপত্র দাখিল-উত্তর যাচাই নির্ণায়ক অনুসারে রেস্পন্সিভ দরপত্রদাতার কার্যকরভাবে চুক্তি পালনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও আর্থিক সামর্থ আছে কিনা তা যাচাই করার বাধ্যবাধকতা রয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারী ক্রয়ে উল্লিখিত নির্দেশনা অনুসৃত হচ্ছে না। পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ এর ১০০ বিধিতেও এ বিষয়ে বিস্তারিত নির্দেশনা রয়েছে।

**২। পিপিআর, ২০০৮ এর ১০০ বিধিমতে দাখিল-উত্তর যোগ্যতার নির্ণায়কসমূহ যাচাই (Post-qualification) প্রক্রিয়া নিম্নরূপ:**

(১) দরপত্র দলিলে উল্লিখিত নির্ণায়ক অনুসরণক্রমে দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দাখিল-উত্তর যোগ্যতা যাচাই করবে।

(২) দরপত্র মূল্যায়ন কমিটি, প্রয়োজনে, দরপত্রদাতা কর্তৃক দরপত্র দলিলে প্রদত্ত ক্রয় কার্যাদি সম্পাদন সম্পর্কিত তার অতীত অভিজ্ঞতার বিবরণ যাচাই করার জন্য এবং সংশ্লিষ্ট দরপত্রদাতা সম্পর্কে হালনাগাদ তথ্য সংগ্রহকল্পে তৎকর্তৃক প্রদত্ত সূত্রের সাথে যোগাযোগ করবে।

(৩) দরপত্র দাখিল-উত্তর যোগ্যতা যাচাই প্রক্রিয়ার অংশ হিসেবে বাস্তবানুগ ও যথাযথ বলে বিবেচিত হলে, দরপত্র মূল্যায়ন কমিটি, বিশেষভাবে উচ্চ মূল্য বা জটিল কার্যের দরপত্র মূল্যায়নের সময় দরপত্র দলিলে বর্ণিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য দরপত্রদাতার কার্যালয় বা ভবন পরিদর্শন করতে পারবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন পরিদর্শন সাধারণভাবে দরপত্রদাতার যন্ত্রপাতি ও স্থাপনা সংক্রান্ত বিদ্যমান সুযোগ-সুবিধা প্রত্যক্ষ করার মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং পরিদর্শনের সময় দরপত্রদাতার সাথে দরপত্রের কোন বিষয় ও তার মূল্যায়ন সম্পর্কে কোন আলোচনা করা যাবে না।

(৫) সর্বনিম্ন মূল্যায়িত দরপত্রদাতা যদি দরপত্র দাখিল-উত্তর যোগ্যতার জন্য নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়, তা হলে দরপত্রে মূল্যায়িত দরপত্রদাতা সম্পর্কে এবং তা ফলপ্রসু না হলে পর্যায়ক্রমে অন্যান্য গ্রহণযোগ্য দরদাতাদের উত্তর-যোগ্যতা অনুরূপভাবে নির্ধারণ করবেঃ

তবে শর্ত থাকে যে-

(ক) মূল্যায়িত ব্যয় ক্রয়কারী কর্তৃক গ্রহণযোগ্য হওয়া সাপেক্ষে এরূপ ব্যবস্থা গ্রহণ করা যাবে; এবং

(খ) এ প্রক্রিয়ায় যদি পরিলক্ষিত হয় যে, অবশিষ্ট গ্রহণযোগ্য দরপত্রসমূহের মূল্যায়িত দর প্রাক্কলিত দর বা বর্তমান বাজার মূল্য হতে তাৎপর্যপূর্ণভাবে অধিক, তা হলে ক্রয়কারী অধিকতর সাফল্য অর্জন করার উদ্দেশ্যে সংশোধিত দরপত্র দলিলের ভিত্তিতে, বিধি ৩৩ অনুসারে পুনঃদরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করবে।

(৬) দরপত্র মূল্যায়ন কমিটি, সর্বনিম্ন মূল্যায়িত দর উদ্ধৃতকারী গ্রহণযোগ্য দরপত্রসমূহের দরপত্রে প্রদত্ত প্রস্তাব মোতাবেক কার্যকরভাবে চুক্তি পালনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও আর্থিক সামর্থ আছে কিনা তদ্বিষয়ে উত্তর-যোগ্যতা যাচাইপূর্বক তা মূল্যায়ন প্রতিবেদনে প্রতিফলিত করে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবে।

(৭) পূর্বে প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়ে থাকলেও, প্রাক-যোগ্য দরপত্রদাতার পূর্বে যাচাইকৃত যোগ্যতা ও আর্থিক সামর্থ্য এখনও বিদ্যমান রয়েছে কিনা তা নিরূপন করাই দরপত্র দাখিল-উত্তর যোগ্যতা যাচাইয়ের উদ্দেশ্য হবে।

২। এমতাবস্থায়, গণখাতে ক্রয়ের জন্য দরপত্র প্রক্রিয়াকরণের আওতায় দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৫০ ধারা এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ১০০ বিধি অনুসরণে দরপত্র দলিলের Instructions To Tenderers (ITT) এ বর্ণিত নির্ণায়ক ও শর্তানুযায়ী দরপত্রের দাখিল-উত্তর যোগ্যতা যাচাই **(Post-qualification)** করে মূল্যায়িত সর্বনিম্ন গ্রহণযোগ্য দরদাতা নির্ধারণ নিশ্চিত করার জন্য সকল ক্রয়কারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হ'ল।

৮/১/১৫

মোঃ ফারুক হোসেন
মহাপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৫৩

**<u>বিতরণঃ</u>**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/ভূমি মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/বাণিজ্য মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জন প্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব ............................................................ মন্ত্রণালয়/বিভাগ।

(সকল মন্ত্রণালয়/বিভাগ )